

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৪৩: কাউকে সম্ভুষ্ট করার জন্য আল্লাহ ব্যতীত তার নামে যবেহ করার হুকুম কি?

আল্লাহ ব্যতীত অন্য কাউকে সম্ভুষ্ট করার জন্য তার নামে যবেহ করা শির্ক। মহান আল্লাহ বলেন,

﴿فَصَلِّ لِرَبِّكَ وَٱنا ٓحَراا ﴾ [الكوثر: ٢]

"অতএব, আপনার পালনকর্তার উদ্দেশ্যে ছালাত আদায় করুন এবং কুরবানী করুন" (কাওছার ২)। অন্য আয়াতে এরশাদ হয়েছে,

﴿ قُل ا إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحايَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ ٱلسَّعْلَمِينَ ١٦٢ ﴾ [الانعام: ١٦٢]

"আপনি বলুন, আমার ছালাত, আমার কুরবানী এবং আমার জীবন ও মরণ বিশ্ব-প্রতিপালক আল্লাহ্রই জন্য" (আন'আম ১৬২-১৬৩)। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন,

□لَعَنَ اللَّهُ مَنْ ذَبَحَ لِغَيْرِ اللَّهِ

"আল্লাহ ছাড়া অন্যের উদ্দেশ্যে যে ব্যক্তি যবেহ করে, তার উপর আল্লাহ্র অভিশাপ" (মুসলিম)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1528

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন